

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 27 April, 2025

আমরা বাংলাদেশের সঙ্গে আমাদের সম্পর্ককে গুরুত্বের সঙ্গে মূল্যায়ন করি এবং বিভিন্ন খাতে অংশীদারত্ব আরও গভীর করতে আগ্রহী বলে জানিয়েছেন পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা মুহাম্মদ আসিফ। বাংলাদেশের ৫৪তম জাতীয় ও স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি।

অনুষ্ঠানটির আয়োজন করেন বাংলাদেশের হাইকমিশনার মোহাম্মদ ইকবাল হোসেন খান ও তার স্ত্রী রওশন নাহিদ। খবর জিও নিউজের।

দুই দেশের আন্তরিক সম্পর্কের প্রসঙ্গ উল্লেখ করে আসিফ বলেন, ইসলামাবাদ ও ঢাকা উভয়ই অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক সহযোগিতা আরও এগিয়ে নিতে সক্রিয়ভাবে কাজ করছে।

তিনি বলেন, 'আমরা বাংলাদেশের সঙ্গে আমাদের সম্পর্ককে গুরুত্বের সঙ্গে মূল্যায়ন করি এবং বিভিন্ন খাতে অংশীদারত্ব আরও গভীর করতে আগ্রহী।'

প্রতিরক্ষামন্ত্রী বাংলাদেশের সমাজ-অর্থনৈতিক অগ্রগতির প্রশংসা করেন। তিনি পাকিস্তান ও বাংলাদেশের ঐতিহাসিক সম্পর্কের কথা উল্লেখ করে দুই দেশের জনগণের উন্নয়নে সহযোগিতা আরও বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন।

পাকিস্তান ও বাংলাদেশের ঐতিহাসিক ও সাংস্কৃতিক বন্ধনের কথাও তুলে ধরেন প্রতিরক্ষামন্ত্রী, যা দুই ভ্রাতৃপ্রতীম দেশের মাঝে ঘনিষ্ঠতার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম বলে তিনি মন্তব্য করেন।

অনুষ্ঠানের আয়োজক, বাংলাদেশের হাইকমিশনার মোহাম্মদ ইকবাল হোসেন খান, যিনি সম্প্রতি ঢাকায় সফল সফর শেষে পাকিস্তানে ফিরেছেন এবং পাকিস্তানের পররাষ্ট্রসচিব আমেনা বালোচের নেতৃত্বে ১৫ বছর পর দুই দেশের মধ্যে অনুষ্ঠিত কূটনৈতিক পরামর্শনায় অংশ নিয়েছিলেন, এ সময় অতিথিদের উপস্থিতিতে উচ্ছ্বাস প্রকাশ করেন।

হাইকমিশনার ইকবাল হোসেন তার বক্তব্যে বাংলাদেশের পক্ষ থেকে পাকিস্তানের সঙ্গে দৃঢ় ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখার ইচ্ছার কথা পুনর্ব্যক্ত করেন। তিনি বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য ও অতিথিপরায়ণতার কথা তুলে ধরেন এবং পারস্পরিক সহযোগিতা ও বোঝাপড়া জোরদারের ওপর গুরুত্ব দেন।

অনুষ্ঠানে প্রতিরক্ষামন্ত্রীর পাশাপাশি উপস্থিত ছিলেন পাকিস্তানের ফেডারেল মন্ত্রীরা- অধ্যাপক আহসান ইকবাল চৌধুরী, ড. তারিক ফজল চৌধুরী, মইন ওয়াটু, হাম কামাল, খেল দাস কোহিস্তানি, মালিক রশিদ আহমদ, কায়সার আহমদ শেখ এবং মোহাম্মদ জুনাইদ আনোয়ার।

ইসলামাবাদ ঢাকা পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:32

URL: <https://timestodaybd.com/national/2802641524>